10

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 21 APR 1997

পৃঃ ১ কলাম ৩

# পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস ও নকল প্রতিরোধের ব্যবস্থা

রেজানুর রহমান ॥ এস,এস,সি ও এইচ,এস,সি পরীক্ষার ক্ষেত্রে প্রশ্নপত্র ফাঁস অথবা নকলপ্রবণতা দূর করার লক্ষ্যে সরকার কড়া ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নিয়াছে। প্রশ্নপত্র ফাঁস অথবা এই ব্যাপারে গুজব ছড়ানোর চেষ্টা করা হইলে পুলিশ সন্দেহভাজন ব্যক্তি বা দলকে সরাসরি গ্রেফতার করিতে পারিবে। পরীক্ষা চলাকালে সাদা পোশাকধারী পুলিশ প্রতিটি পরীক্ষা কেন্দ্রে টহল দিবে। নকল সরবরাহকে কেন্দ্র করিয়া কোন পরীক্ষা কেন্দ্রে ভাঙ্গচুর অথবা অপ্রীতিকর ঘটনার সৃষ্টি হইলে পরবর্তীতে উক্ত পরীক্ষা কেন্দ্র বাতিল করিয়া দেওয়া হইবে। সদ্য সমাপ্ত এস,এস,সি পরীক্ষা চলাকালে প্রশ্নপত্র ফাঁসের ঘটনার প্রেক্ষিতে সরকার বিশেষ করিয়া শিক্ষা মন্ত্রণালয় বিব্রতকর (২য় পৃঃ দ্রঃ)

## পরীক্ষার প্রশ্নপত্র

(১ম পৃঃ পর)

পরিস্থিতির মুখোমুখী হয়। শেষ মুহূর্তে অংকের নূতন প্রশ্ন প্রকাশ করিয়া এসএসসি পরীক্ষা গ্রহণ করা হইয়াছে। সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের একটি জরুরী সভায় এসএসসি পরীক্ষার ক্ষেত্রে সৃষ্ট বিব্রতকর এই পরিস্থিতি পর্যালোচনা করিয়া ভবিষ্যতে আর যাহাতে এই ধরনের অবস্থা সৃষ্টি না হয়, তাহা নিশ্চিত করার লক্ষ্যে কতিপয় পদক্ষেপ গ্রহণ করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী পরীক্ষা শুরুর ২/৩ দিন পূর্ব হইতে দেশের বিভিন্ন এলাকায়, বিশেষ করিয়া ফোন ফ্যাক্সের দোকানের উপর সাদা পোশাকধারী পুলিশের পর্যবেক্ষণ দল নজর রাখিতে শুরু করিবে। পরীক্ষার দিন প্রতিটি কেন্দ্রে সাদা পোশাকধারী পুলিশ ঘোরাফিরা করিবে। নকল সরবরাহ অথবা প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে সন্দেহভাজন যাহাকে পাওয়া যাইবে তাহাকেই গ্রেফতার করা হইবে। নকল সরবরাহকে কেন্দ্র করিয়া ভাংচুর, সরকারী কর্মকর্তাকে লাঞ্ছিত অথবা সরকারী যানবাহনের ক্ষতি সাধন করা হইলে পরবর্তীতে উক্ত পরীক্ষা কেন্দ্র অনির্দিষ্টকালের জন্য বাতিল করা হইবে। পরীক্ষার হলে পরিদর্শকরা যাহাতে ঠিকমত দায়িত্ব পালন করে তাহা পর্যবেক্ষণের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সভার অন্যতম আলোচ্য বিষয় ছিল প্রশ্নপত্রের ট্রাঙ্ক। বিজি প্রেস হইতে প্রশ্নপত্র যাহাতে সংরক্ষিত অবস্থায় জেলা পর্যায়ে পৌঁছায় এবং উক্ত ট্রাঙ্ক যাহাতে টি এন ও অফিস অথবা ব্যাংকের লকারে সংরক্ষিত অবস্থায় থাকে তাহা নিশ্চিত করার ব্যাপারে সংশ্লিষ্ট কর্মকর্তাকে আরও আন্তরিক ও দায়িত্ববান হওয়ার জন্য সভায় পরামর্শ দেওয়া হইয়াছে। উল্লেখ্য, ৫ই মে হইতে সারাদেশে ৫টি বোর্ডের ১৯৯৭ সালের এইচ, এস, সি পরীক্ষা শুরু হইবে।